

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

স্মারক নং: ৫৮.০১.০০০০.২০২.৭৮.০০১.১৮-১৯৭০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
০৩ জুন, ২০১৯ খ্রি:

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন বিভাগীয়/ আঞ্চলিক পাসপোর্ট অফিস সমূহে আবেদনপত্র জমা নেওয়ার সময় আবেদনকারীর দাখিলকৃত জন্ম নিবন্ধন সনদ ও জাতীয় পরিচয় পত্র যাচাই না করে আবেদনপত্র জমা নেওয়া হচ্ছে। যার ফলে অনাকাঙ্ক্ষিত ব্যক্তি এবং অন্য দেশের নাগরিকগণের বাংলাদেশী পাসপোর্ট পাওয়ার সম্ভাবনা থেকে যাচ্ছে। এমতবস্থায় আবেদনপত্র জমা নেওয়ার ক্ষেত্রে আবেদনকারীর মূল জাতীয় পরিচয়পত্র ও জন্মসনদ দেখে এবং যথাসম্ভব অনলাইন যাচাই করে আবেদনপত্র গ্রহণ করতে হবে।

২। আবেদনপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসমূহ সত্যায়নের ক্ষেত্রে আবেদনকারীর পরিচিত ব্যক্তির নিকট হতে সত্যায়ন না করার ফলে অনাকাঙ্ক্ষিত ব্যক্তি এবং অন্য দেশের নাগরিকগণের বাংলাদেশী পাসপোর্ট পাওয়ার সুযোগ তৈরী হচ্ছে। এমতবস্থায় আবেদনপত্র জমা নেওয়ার ক্ষেত্রে আবেদনপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসমূহ আবেদনকারীর পরিচিত ব্যক্তির দ্বারা সত্যায়িত কিনা তা যাচাই সাপেক্ষে আবেদনপত্র গ্রহণ করতে হবে। এ ধরনের ব্যত্যয়ের কারণে কোন রোহিঙ্গা পাসপোর্ট প্রাপ্ত হলে সংশ্লিষ্ট বিভাগীয়/ আঞ্চলিক পাসপোর্ট অফিসের কর্মকর্তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপরের বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: সাইদুর রহমান)
পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)
মহাপরিচালকের পক্ষে

প্রতি

- ১। পরিচালক/ উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস (সকল)।
- ২। উপপরিচালক/ সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস..... (সকল)।

বিতরণ (জ্ঞাতার্থে):

- ১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: বিশেষ পুলিশ সুপার (পাসপোর্ট)
- ৩। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/ (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), পরিচালক (প্রশাসন ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।